**বাংলাদেশ স্কাউটস,জাতীয় সদর দফতর,**
**৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০**

# পরিপত্র-১

**বিষয় : <u>৩য় জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা স্কাউট ক্যাম্প ২০২২</u>**

**থীম ঃ যথাযথ প্রস্তুতি, দুর্যোগে কমবে ক্ষতি**

বাংলাদেশ স্কাউটস এর সমাজ উন্নয়ন বিভাগের ব্যবস্থাপনা ও পরিচালনায় আগামী ২০-২৪ মার্চ ২০২২ পর্যন্ত বীর মুক্তিযোদ্ধা আবদুল হক সরকারি কলেজ, মিঠামইন, কিশোরগঞ্জে **৩য় জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা স্কাউট ক্যাম্প** আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশ এখন বিভিন্ন দুর্যোগের হুমকির সম্মুখীন। বিশ্বের বিভিন্ন দেশে ভূমিকম্পে বিপুল প্রাণহানী ও বাংলাদেশে স্বল্পমাত্রার পুনঃ পুনঃ ভূমিকম্পে ব্যাপক ক্ষয়ক্ষতির আশংকা তৈরী করেছে। এর জন্য প্রয়োজন জনসাধারণের মধ্যে ব্যাপক সচেতনতা, দুর্যোগে ক্ষয়ক্ষতি কমিয়ে আনা সম্ভব হয়। দুর্যোগপূর্ব, দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী জরুরী সাড়াদান, প্রতিরোধ ও প্রশমনে সরকারের বিভিন্ন সংস্থার পাশাপাশি নিবিড়ভাবে কাজ করার লক্ষ্যে দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধির জন্য রোভার স্কাউট ও এডাল্ট লিডারদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে।

০৩। ৩য় জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা স্কাউট ক্যাম্পে যে সকল রোভার স্কাউট দেশের বিভিন্ন স্থানে ঘটে যাওয়া বিভিন্ন দুর্যোগে প্রত্যক্ষভাবে কাজ করা (যেমন-ঘূর্ণিঝড়, বন্যা, অগ্নিকান্ড, ভবন ধ্বস, পাহাড় ধ্বস, টর্নেডো ইত্যাদি) এমন রোভার স্কাউটসহ দুর্যোগ প্রবণ এলাকা- যেমন উপকূলীয় এলাকা, বন্যা প্রবণ এলাকা, পাহাড়ধ্বস প্রবণ এলাকার রোভার স্কাউটদের অংশগ্রহণের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

০৪। **ক্যাম্পের স্থান** : “৩য় জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা স্কাউট ক্যাম্প” এর ভেন্যু হিসেবে মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউট জনাব মোঃ আবদুল হামিদ এর জন্মস্থান কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলার বীর মুক্তিযোদ্ধা আবদুল হক সরকারি কলেজকে নির্ধারণ করা হয়েছে যা উপজেলার প্রাণকেন্দ্র হেলিপ্যাড এর পাশে অবস্থিত।

০৫। **ক্যাম্পের তারিখ** : ৩য় জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা স্কাউট ক্যাম্প ২০-২৪ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত হবে।

০৬। **ক্যাম্পে উপস্থিতির সময়** : ৩য় জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা স্কাউট ক্যাম্প এ অংশগ্রহণকারীগণকে ২০ মার্চ ২০২২ অপরাহ্ন ২:৩০ মিনিটের মধ্যে রিপোর্ট করতে হবে ।

০৭। **অংশগ্রহণকারীর যোগ্যতা:** ইতিপূর্বে বাংলাদেশ স্কাউটস কর্তৃক আয়োজিত ০৫ দিনের দুর্যোগ ব্যবস্থাপনা কোর্সে অংশগ্রহণ করেছে এমন রোভার স্কাউটদের পাশাপাশি যে সকল রোভার স্কাউট দেশের বিভিন্ন স্থানে ঘটে যাওয়া বিভিন্ন দুর্যোগে প্রত্যক্ষভাবে কাজ করা (যেমন-ঘূর্ণিঝড়, বন্যা, অগ্নিকান্ড, ভবন ধ্বস, পাহাড় ধ্বস, টর্নেডো ইত্যাদি) রোভার স্কাউট কমপক্ষে সদস্য স্তরের রোভার স্কাউট হতে হবে।

০৮। **শারীরিক যোগ্যতা** : অংশগ্রহণকারী প্রত্যেক রোভার স্কাউটকে সুস্থ ও সংক্রামক রোগমুক্ত হতে হবে। পরিশ্রমী এবং ঠান্ডা ও রোদে কাজ করতে সক্ষম এমন সুস্থ ও সবল রোভার স্কাউট নির্বাচন করা হবে। অসুস্থ কোনো রোভার স্কাউটকে (বিশেষ করে শ্বাসকষ্ট/এজমা/ মৃগীরোগী কিংবা লো প্রেসার/করোনায় আক্রান্ত) কোনোভাবেই ৩য় জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা স্কাউট ক্যাম্প এর জন্য নির্বাচন করা হবে না। এছাড়া সাঁতার না জানা কোনো রোভার স্কাউটকে মনোনীত করা হবে না ।

০৯। **অংশগ্রহণের কোটা :** যোগ্যতাসম্পন্ন রোভার স্কাউটদের *www.ndmsc2022.com* লিংক এ প্রবেশের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। পরবর্তীতে আবেদনকারীদের অনলাইনে সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে ১০০০ জন রোভার স্কাউটকে চূড়ান্তভাবে মনোনয়ন প্রদান করা হবে যার মধ্যে ৩০% গার্ল ইন রোভার স্কাউট নির্বাচন করা হবে। আগামী ০৫ মার্চ ২০২২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে অনলাইনে রেজিষ্টেশন সম্পন্ন করতে হবে। চূড়ান্তভাবে মনোনীত রোভার স্কাউটদের এসএমএস ও ইমেইলের মাধ্যমে মনোনয়ন নিশ্চিত করা হবে এবং একটি তালিকা সংশ্লিষ্ট জেলা ও অঞ্চলে ইমেইলে মাধ্যমে প্রেরণ করা হবে। তবে কোনো অংশগ্রহণকারীর বিষয়ে সংশ্লিষ্ট জেলা বা অঞ্চলের আপত্তি থাকলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

১০। **নিবন্ধন:** অনলাইনে আবেদনকারীদের মধ্য থেকে যারা চূড়ান্তভাবে মনোনীত হবে তাদেরকে *www.ndmsc2022.com* লিংকে নিবন্ধন ফি বাবদ ৫০০.০০ (পাঁচশত) টাকা এবং সার্ভিস চার্জ বাবদ ৫০.০০ (পঞ্চাশ) টাকাসহ সর্বমোট ৫৫০.০০ (পাঁচশত পঞ্চাশ) টাকা প্রদানপূর্বক ইতিপূর্বে পূরণকৃত তথ্য ফরমটির ২টি প্রিন্ট কপি সাথে নিয়ে ক্যাম্প এলাকায় নির্ধারিত সময়ে উপস্থিত হতে হবে। নিবন্ধন ফি প্রদানের সময়সীমা *www.ndmsc2022.com* লিংকে প্রদান করা হবে।

১১। **আবাসন ব্যবস্থা :** অংশগ্রহণকারীদের মধ্য থেকে ৬ জন করে রোভার নিয়ে এডহক প্যাট্রল তৈরি করা হবে এবং অংশগ্রহণকারীদের এডহক প্যাট্রল ভিত্তিক তাঁবুতে অবস্থান করতে হবে। প্রত্যেক অংশগ্রহণকারীকে স্কাউট পোশাক, আবহাওয়া উপযোগী বিছানাপত্র এবং তাঁবুতে বসবাসের জন্য নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি সাথে নিয়ে আসতে হবে।

১২। **খাদ্য ব্যবস্থা :** অংশগ্রহণকারী সকল উপদলকে কেন্দ্রীয়ভাবে রান্না করা খাবার সরবরাহ করা হবে। সেক্ষেত্রে সকল অংশগ্রহণকারীকে খাবার গ্লাস/প্লেট, মগ ইত্যাদি সঙ্গে আনতে হবে।

১৩। **অংশগ্রহণকারীদের পোশাক :** ক) ক্যাম্পে অংশগ্রহণকারী রোভার স্কাউট (মেয়ে ও ছেলে), লিডার (মহিলা ও পুরুষ) এবং কর্মকর্তাদের বাংলাদেশ স্কাউটস এর 'গঠন ও নিয়ম' এর তফসিল এক এ বর্ণিত বিধান অনুসারে পোশাক পরতে হবে।

১৪। **স্কাউট শৃঙ্খলা :** ক্যাম্পে অংশগ্রহণকারী সকলকে তাঁবু বাসের নিয়ম মেনে চলতে হবে। ক্যাম্প চলাকালীন কোন সদস্য ক্যাম্প এলাকার বাইরে যেতে বা অবস্থান করতে পারবে না। বিশেষ প্রয়োজনে কোনো সদস্য বা লিডারকে ক্যাম্প এলাকার বাইরে যেতে হলে ক্যাম্প কর্তৃপক্ষের নিকট থেকে লিখিত অনুমতি নিতে হবে। রাতে কাউকে ক্যাম্প এলাকার বাইরে থাকার অনুমতি দেয়া হবে না।

১৫। **প্রোগ্রাম :** অংশগ্রহণকারীগণ ডিজাস্টার রেসপন্স টিমের সদস্য বিধায় তারা যাতে প্রশিক্ষণলব্ধ দক্ষতা প্রদর্শন করতে পারে এবং ভ্রাতৃত্ববোধের চেতনায় উদ্বুদ্ধ হতে পারে, সে জন্য ক্যাম্পের সামগ্রিক কর্মসূচিকে বৈচিত্র্যপূর্ণ, আকর্ষণীয় ও শিক্ষামূলক করে প্রণয়ন করা হয়েছে। ক্যাম্পের প্রোগ্রামকে তিন ধরণের কার্যক্রমের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে, যথা : ক) জ্ঞানার্জন (খ) দৃষ্টিভঙ্গীর পরিবর্তন ও (গ) দক্ষতা বৃদ্ধি (মক এক্সারসাইজ)। এই তিনটি বিষয়াবলীর মাধ্যমে একজন রোভার স্কাউট দুর্যোগপূর্ব জনসাধারণের মধ্যে ব্যাপক সচেতনতা বৃদ্ধির কৌশল অর্জন, দুর্যোগ পরবর্তী উদ্ধার কাজের ব্যবহারিক বিষয়ে নিজ দক্ষতা বৃদ্ধির সুযোগ পাবে ও অধিক দক্ষতার সাথে তাৎক্ষণিক সাড়া দানে সক্ষম হবে। **৩য় জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা স্কাউট ক্যাম্পের বিস্তারিত কর্মসূচি পরবর্তীতে প্রেরণ করা হবে।**

বাংলাদেশ স্কাউটস এর সমাজ উন্নয়ন বিভাগ কর্তৃক আয়োজিত ৩য় জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা স্কাউট ক্যাম্প এর সুষ্ঠু ও সফল বাস্তবায়নে আন্তরিক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানাই।

**(এম এম ফজলুল হক)**
সভাপতি
৩য় জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা স্কাউট ক্যাম্প সাংগঠনিক কমিটি
এবং
জাতীয় কমিশনার (জনসংযোগ ও বিপণন)
বাংলাদেশ স্কাউটস

পত্র নং বাঃ স্কাঃ (সঃ উঃ ও স্বাস্থ্য)/ ১৭১৪(২০০)/২০২২ তারিখ ঃ ৩০ মাঘ ১৪২৮
১৩ ফেব্রুয়ারি, ২০২২

**একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত**

**বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

১। আঞ্চলিক উপ কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউটস, রোভার/রেলওয়ে/নৌ/এয়ার /ঢাকা অঞ্চল;
২। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, রোভার/রেলওয়ে/নৌ/এয়ার /ঢাকা অঞ্চল;
৩। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ, সকল, বাংলাদেশ স্কাউটস;
৪। কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা রোভার;
৫। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা রোভার/রেলওয়ে/নৌ/এয়ার জেলা।

**সদয় জ্ঞাতার্থে:**

১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
২। জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউটস;
৩। জাতীয় উপ কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউটস (সকল);
৪। কমিশনার, বাংলাদেশ স্কাউটস, রোভার/রেলওয়ে/নৌ/এয়ার/ঢাকা অঞ্চল;
৫। নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস;
৬। সদস্য, ৩য় জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা স্কাউট ক্যাম্প সাংগঠনিক কমিটি
৭। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, কিশোরগঞ্জ জেলা ও জেলা রোভার;
৮। উপজেলা নির্বাহী অফিসার, মিঠামইন ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, মিঠামইন উপজেলা;
৯। অধ্যক্ষ, বীর মুক্তিযোদ্ধা আবদুল হক সরকারি কলেজ, মিঠামইন, কিশোরগঞ্জ